

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়
বাহুবল, হবিগঞ্জ।

স্মারক নং-৩৩.০১.৩৬০২.০০০.১৬.০০১.১৯.২৩০

তারিখঃ ২৪/১০/২০১৯ইং

নোটিশ

প্রাণিসম্পদ অধিদপ্তরধীন পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরা রোগ নিয়ন্ত্রণ প্রকল্পে আওতায় ছাগল-ভেড়াকে পিপিআর ভ্যাকসিন প্রদান এবং গবাদিপশুর ক্ষুরা রোগের ভ্যাকসিন প্রদানের নিমিত্তে প্রতিটি ইউনিয়ন থেকে একজন করে ভলান্টিয়ার ভ্যাক্সিনেটর নিয়োগ/সিলেকশন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট সাইজের ছবি ০২(দুই) কপি, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ৩১/১০/২০১৯ইং তারিখের মধ্যে (অফিস চলাকালিন সময়ে) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

- ১। সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
- ৩। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাশ হতে হবে।
- ৪। চাকুরীরত কোন প্রার্থীকে নিয়োগ দেয়া হবে না।
- ৫। প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিষয়ে তিন মাসব্যাপী প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৬। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদপত্র, প্রশিক্ষণ প্রাপ্তির সনদপত্রের সত্যায়িত অনুলিপি প্রদান করতে হবে।

স্মারক নং-৩৩.০১.৩৬০২.০০০.১৬.০০১.১৯.২৬০


বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলোঃ


- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাহুবল, হবিগঞ্জ।
- ২। উপজেলা কৃষি কর্মকর্তা, বাহুবল, হবিগঞ্জ।
- ৩। উপজেলা মৎস্য কর্মকর্তা, বাহুবল, হবিগঞ্জ।
- ৪। চেয়ারম্যান -----ইউ/পি, বাহুবল, হবিগঞ্জ।

স্মারক নং-৩৩.০১.৩৬০২.০০০.১৬.০০১.১৯.২৬০


অনুলিপি সদয় জ্ঞাতার্থে

- ১। প্রকল্প পরিচালক, পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরা রোগ নিয়ন্ত্রণ প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ
- ২। অফিস নথি।


(মোঃ আমজাদ হোসেন ভূঞা)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বাহুবল, হবিগঞ্জ।
তারিখঃ ২৪/১০/২০১৯ইং


উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বাহুবল, হবিগঞ্জ।

তারিখঃ ২৪/১০/২০১৯ইং


উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বাহুবল, হবিগঞ্জ।